শেখ হাসিনার উদ্যোগ

# মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি

**MOULVIBAZAR PALLI BIDYUT SAMITY**

শ্রীমঙ্গল, মৌলভীবাজার

☎ ০৮৬২৬-৭১৪৫৩ @ mbazar_pbs@yahoo.com

pbs.moulvibazar.gov.bd

MOULVIBAZAR P.B.S.

ISO 9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.৫৮৮৩.৫০৬.০২.০০৮.১৯.৭৮-৮৭

তারিখঃ ১৫ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

## আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির **ক্যাশিয়ার** ও **লাইন টেকনিশিয়ান** এর শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত যথাক্রমে সহকারী ক্যাশিয়ার ও লাইনম্যান গ্রেড-১ পদে যারা পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং মৌলভীবাজার পবিস চাকুরী বিধি,১৯৯২ (সংশোধিত,২০১২) অনুযায়ী পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A-4 সাইজের কাগজে) দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

## পদের নামঃ ক্যাশিয়ার

**প্রার্থীর যোগ্যতাঃ**

০১। সহকারী ক্যাশিয়ার পদে নিয়মিত ভিত্তিতে কমপক্ষে ০৭(সাত) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।

০২। পবিস নির্দেশিকা ৩০০-১৪ তে ক্যাশিয়ার পদের "পদ বিবরণী"-তে উল্লেখিত সকল শর্তাদি পূরণ হতে হবে।

০৩। সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন এর গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।

০৪। পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।

০৫। পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হতে হবে।

০৬। প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে।

০৭। নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীকে সমিতির অনুকূলে ১৫,০০০.০০ (পনেরো হাজার) টাকা ক্যাশ সিকিউরিটি ডিপোজিট হিসেবে জমা দিতে হবে। যা সন্তোষজনকভাবে চাকুরী সমাপ্তির পর সুদসহ ফেরত প্রদান করা হবে।

## পদের নামঃ লাইন টেকনিশিয়ান

**প্রার্থীর যোগ্যতাঃ**

(ক) এসএসসি বা সমমান (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) পাশসহ লাইনম্যান গ্রেড-১ পদে ০৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

(খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।

(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রয়োজনীয় ট্রেনিং উত্তীর্ণ হতে হবে।

(ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষণাবেক্ষণ কাজের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।

(ঙ) প্রার্থীকে অবশ্যই পোলের ওপর উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ থাকতে হবে।

(চ) লাইন ক্রুগণকে কাজ করার ক্ষেত্রে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।

(ছ) সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন এর গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।

(জ) পবিস নির্দেশিকা ৩০০-৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হতে হবে।

**শর্তাবলীঃ**

আবেদনকারীগণকে নিজের নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্মতারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণের তারিখ ইত্যাদি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট জেনারেল ম্যানেজার এর সুপারিশ সম্বলিত আবেদনপত্রসহ **ক্যাশিয়ার** পদে আগামী **১০/১২/২০১৯ খ্রিঃ** তারিখ **রোজ মঙ্গলবার** বেলা ১১:০০ ঘটিকার সময় এবং **লাইন টেকনিশিয়ান** পদে আগামী **১১/১২/২০১৯ খ্রিঃ** তারিখ **রোজ বুধবার** বেলা ১১:০০ ঘটিকার সময় প্রার্থীগণকে মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর শ্রীমঙ্গল, মৌলভীবাজারে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। আবেদন পত্রে নিম্নোক্ত কাগজপত্র/দলিলাদি এজিএম(এইচ আর/প্রশাসন) কর্তৃক সত্যায়িতপূর্বক সংযুক্ত করতে হবেঃ-

০১।

(ক) সাম্প্রতিক তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি,

(খ) বিগত ০৩(তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি,

(গ) শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি,

(ঘ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি,

(ঙ) চাকুরীতে নিয়মিতকরণের তারিখ উল্লেখপূর্বক বর্তমান পদে যোগদান, নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি এবং পবিস নির্দেশিকা অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের সত্যায়িত ফটোকপি,

(চ) জেনারেল ম্যানেজারের সুপারিশ, বিনা আপত্তির সনদপত্র এবং বিগত ০৫(পাঁচ) বছরের দন্ড উল্লেখ পূর্বক বর্তমান বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সংশ্লিষ্ট জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

(ছ) লাইন টেকনিশিয়ান পদের প্রার্থীর ক্ষেত্রে হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।

০২। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসরত প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।

০৩। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১(এক) বৎসরের জন্য "চলতি দায়িত্বে" নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরত অথবা সার্ভিস কোড/ নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৪। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

০৫। তথ্য গোপন করে যদি কেহ নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকেই চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

০৭। বিভাগীয় তদন্ত চলমান/শৃঙ্খলাজনিত কোন অভিযোগ রয়েছে, এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৮। সর্বশেষ ০৩(তিন) বৎসরের মধ্যে কোনরূপ গুরুদন্ড এবং সর্বশেষ ০১(এক) বৎসরের মধ্যে কোনরূপ লঘুদন্ডে দন্ডিত, বিগত ০৫(পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত, বিগত ০৪(চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত, বিগত ০৩(তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৯। পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তানুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন, তাদের আবেদন করার প্রয়োজন নাই।

১০। বর্ণিত পদসমূহে কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখান করতে পারবেন না।

১১। যে কোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১২। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। নিয়োগ সংক্রান্ত যে কোন ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

( প্রকৌশলী শিবু লাল বসু )
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ ( সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি আপনার দপ্তরের নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধসহ )

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি এর দপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,............................................পবিস ১/২/৩/৪।
০৫। ডিজিএম, মৌলভীবাজার/বড়লেখা/কমলগঞ্জ/রাজনগর জোনাল অফিস/সদর দপ্তর-কারিগরি, মৌলভীবাজার পবিস।
০৬। এজিএম(অর্থ-হিসাব/প্রশাসন/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা/অর্থ-রাজস্ব), মৌলভীবাজার পবিস।
০৭। জুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি), মৌলভীবাজার পবিস (অত্র পবিস এর ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
০৮। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, মৌলভীবাজার পবিস।
০৯। অফিস ফাইল/মাস্টার ফাইল।

( প্রকৌশলী শিবু লাল বসু )
জেনারেল ম্যানেজার